গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১৩২.২২.৮৫২

তারিখ : ০৭ অগ্রহায়ন ১৪২৯
২২ নভেম্বর ২০২২

পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ, ঢাকা থেকে প্রেরিত লোক ও কারুশিল্প পদক ২০২৩ প্রদান সংক্রান্ত পত্রের অনুলিপি এসাথে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে-০৬ (ছয়) পাতা।

২২/১১/২২
(আজহারুল ইসলাম)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ফোন: ০২৫৮৯৯১৫০৬৬
acgjoypurhat@gmail.com

১। উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর/ পাঁচবিবি/ ক্ষেতলাল/ কালাই/ আক্কেলপুর, জয়পুরহাট।

২। উপ-ব্যবস্থাপক, বিসিক, জয়পুরহাট।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট।

২। সহকারী কমিশনার, গোপনীয় শাখা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

4042022111205038034

ডকেট নং: ২০৫৭ তাং ২৮/১১/২২
নথি নং: ৯৯-১৫২/১৬
পেশ করুন / নথিজাত করুন
সহকারী কমিশনার
সাধারণ শাখা

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
www.sonargaonmuseum.gov.bd

স্মারক নং ৪৩.২৮.০০০০.১১১.২৩.২০৮.২২-৯১৪

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: লোক ও কারুশিল্প পদক ২০২৩ প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন স্বায়ত্বশাসিত সংস্থা। ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত এ ফাউন্ডেশন বাংলাদেশের কারুশিল্পের উন্নয়ন ও প্রসারে কাজ করে যাচ্ছে।

কারুশিল্পী এবং তার সৃষ্ট কর্মকে মূল্যায়নের মাধ্যমে এ শিল্পকে সজীব রাখা এবং এর বিকাশের লক্ষ্যে রাষ্ট্রীয় সম্মাননা প্রদানের জন্য ফাউন্ডেশন থেকে প্রতিবছর তিনটি মাধ্যমে তিনজন কারশিল্পীকে পদক প্রদান করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর ১. রিক্সা পেইন্টিং ২. পাটজাত কারুশিল্প এবং ৩. রেশম ও অন্যান্য তাঁতশিল্প মাধ্যমে ‘লোক ও কারুশিল্প পদক-২০২৩’ প্রদানের লক্ষ্যে কারুশিল্পীদের নিকট থেকে আবেদন চেয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অধিক সংখ্যক এবং প্রকৃত লোক ও কারুশিল্পীদের নিকট থেকে আবেদন প্রাপ্তির লক্ষ্যে উক্ত বিজ্ঞপ্তি, আবেদন ফরম এবং এ সংক্রান্ত নীতিমালার কপি এ সংগে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, লোক ও কারুশিল্পীদেরকে বিজ্ঞপ্তির বিষয়টি অবগত করাসহ আবেদন করতে উদ্বুদ্ধ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

১৯.১১.২০২২

বাবুল মিয়া
পরিচালক (অতি:দায়িত্ব)
ফোন: ০৯৬০৪০০৭৭৭
ই-মেইল director.s.museum@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা-১০০০;
(বাংলাদেশ শিল্পকলা একাডেমির আওতাধীন জেলা কালচারাল অফিসারদের নিকট প্রেরণের অনুরোধসহ)
২. জেলা প্রশাসক (সকল জেলা);
৩. ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. ডিন চারুকলা অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী;
৫. পরিচালক, চট্টগ্রাম চারুকলা ইনস্টিটিউট, চট্টগ্রাম;
৬. অধ্যক্ষ, নারায়ণগঞ্জ চারুকলা ইনস্টিটিটিউট (আর্ট কলেজ), নারায়ণগঞ্জ;
৭. অধ্যক্ষ, খুলনা চারুকলা ইনস্টিটিউট, খুলনা;
৮. পরিচালক/অধ্যক্ষ, ১৭টি চারুকলা ইনস্টিটিউট/আর্ট কলেজ এবং

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট
পত্র প্রাপ্তি নং- ৫১০১
তারিখ ২০/১১/২২
সর্বোচ্চ অগ্রাধিকার / জরুরী / জরুরী রুটিন
এ সি (ভূমি) / এ ও (সংস্থাপন) / সি এ
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

জেলা প্রশাসকের কার্যালয় জয়পুরহাট
পত্র প্রাপ্তি নং ৬৪
তারিখ ২০/১১/২২
সর্বোচ্চ অগ্রাধিকার / অতীব জরুরী / জরুরী রুটিন
ডিডি এলজি / পেশ করুন
অজেপ্র (সাঃ) / প্রয়োজনীয় ব্যবস্থা নিন
অজেপ্র (রাঃ) / আলোচনা করুন
অজেম্যাজিঃ / গার্ড ফাইলে রাখুন
সিএ / নথিজাত করুন
জেলা প্রশাসক

১. শিরোনাম

এ নীতিমালা লোক ও কারুশিল্পী পদক প্রদান, নীতিমালা ২০২২ নামে অভিহিত হবে।

২. পটভূমি

লোক ও কারুশিল্প বাংলাদেশের সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। বাংলার লোকজ জীবনধারার দৈনন্দিন জীবনাচারের দৃশ্যমান নান্দনিকতা, চিন্তা-চেতনা, বিশ্বাস ও স্বপ্ন, লোক ও কারুশিল্পের মধ্যে নিহিত। কারুশিল্পী এবং তাঁর সৃষ্ট কর্মকে মূল্যায়নের মাধ্যমে এ শিল্পকে সজীব রাখা এবং এর বিকাশের লক্ষ্যে রাষ্ট্রীয় সম্মাননা প্রদানের জন্য এ নীতিমালা প্রণয়ন করা হলো।

৩. বাস্তবায়ন কর্তৃপক্ষ

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।

৪. সম্মাননার বিবরণ

(১) পদকপ্রাপ্ত লোক ও কারুশিল্পীকে ৪৫ মিলিমিটার ব্যাসের গোলাকার ও ০৩ মিলিমিটার পুরু ২১ (একুশ) ক্যারেট স্বর্ণনির্মিত এক ভরি বা ১১.৬৬ গ্রাম ওজনের পদক প্রদান করা হবে।

(২) পদকের সম্মুখভাগে ফাউন্ডেশনের মনোগ্রাম ও দেশের নাম এবং 'লোক ও কারুশিল্পী পদক (সাল)'-এর উল্লেখ থাকবে। পিছনের অংশে লোক ও কারুশিল্পের মাধ্যম, পদকপ্রাপ্ত শিল্পীর নাম, সরকারি মনোগ্রাম, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর নাম উল্লেখ থাকবে।

(৩) পদকপ্রাপ্ত লোক ও কারুশিল্পীকে নগদ এক লক্ষ টাকা ও সনদপত্র প্রদান করা হবে।

৫. যে সকল লোক ও কারুশিল্প মাধ্যম এ পদক প্রদান করা হবে

(১) মৃৎশিল্প (চিত্রিত মাটির শিল্পকর্ম/মাটির পুতুল/পোড়ামাটির তৈজসপত্র);
(২) দারুশিল্প (কারুকার্য সংবলিত কাঠখোদাই বা চিত্রিত দারুশিল্প);
(৩) শীতলপাটি, বাঁশ ও বেতের লোক-কারুশিল্প সামগ্রী;
(৪) বয়নশিল্প (জামদানি, রেশম ও অন্যান্য তাঁতশিল্প);
(৫) নকশি হাতপাখা;
(৬) পাটজাত কারুশিল্প;
(৭) ধাতব কারুশিল্প;
(৮) অলংকার শিল্প;
(৯) নকশিকাঁথা ও সূচিশিল্প;
(১০) শঙ্খ, ঝিনুক ও মুক্তাশিল্প;
(১১) শোলা শিল্প এবং হস্তনির্মিত কাগজ শিল্প;
(১২) আলপনা ও নকশা;
(১৩) পটচিত্র ও রিক্সা পেইন্টিং
(১৪) বিবিধ লোক ও কারুশিল্প।

৬. পদকপ্রাপ্তির ক্ষেত্রে আবেদন করার যোগ্যতা

(১) ঐতিহ্যবাহী লোক ও কারুশিল্পের ৫ অনুচ্ছেদে বর্ণিত যে কোনো মাধ্যমের একজন অভিজ্ঞ ও দক্ষ শিল্পী হতে হবে;
(২) তৈরি কারুপণ্যে কারুশিল্পীর স্বকীয়তা সৃজনশীলতা এবং নান্দনিকতার বহিঃপ্রকাশ থাকতে হবে।

৭. আবেদন আহ্বান ও বাছাই

(১) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিবছর আগস্ট মাসের ৩১ তারিখের মধ্যে বহুল প্রচারিত দুইটি বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদন আহ্বান করবে। এছাড়াও, ফাউন্ডেশন এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে;

(২) নির্ধারিত আবেদন ফরম (তফশিল-ক) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের কার্যালয় এবং ঢাকাস্থ শিল্পকলা একাডেমি থেকে সংগ্রহ করতে হবে। পাশাপাশি, ফাউন্ডেশন ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে আবেদন ফরম ডাউনলোড করতে পারবে।

(৩) আবেদন ফরমে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ বরাবর সরাসরি/অনলাইনে/ডাকযোগে দাখিল করতে হবে;

(৪) বিগত বছরে অন্য কোনো প্রতিষ্ঠান থেকে সম্মাননা পেয়ে থাকলে সে তথ্য আবেদনে উল্লেখ করতে হবে;

(৫) লোক ও কারুশিল্প তৈরিতে জাতীয় ও আন্তর্জাতিক সম্মাননা বা স্বীকৃতি পেয়ে থাকলে কিংবা বিশেষ অর্জন থাকলে তার প্রমাণক আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে;

(৬) লোক ও কারুশিল্পীর শ্রেষ্ঠ শিল্পকর্মের অন্তত ২ (দুই)টি নমুনা আবেদনের সঙ্গে জমা দিতে হবে;

(৭) মিথ্যা তথ্য প্রদান করে পদকপ্রাপ্তির জন্য আবেদন করা করা হলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. পদক প্রদানের রীতি

(১) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(২) প্রতিবছর ন্যূনতম একজন নারীসহ ৩ (তিন) জন কারুশিল্পীকে এ পদক প্রদান করা হবে;

(৩) প্রতিবছর একই জেলা থেকে একই মাধ্যমে একাধিক লোক ও কারুশিল্পীকে নির্বাচিত করা যাবে না;

(৪) একবার পদক প্রাপ্ত হলে পুনরায় তাঁর আবেদন বিবেচনা করা হবে না।

৯. মনোনয়ন কমিটি গঠন

লোক ও কারুশিল্পী পদক প্রদানের জন্য প্রাপ্ত আবেদনসমূহ বাছাই ও মনোনয়নের জন্য নিম্নরূপভাবে একটি মনোনয়ন কমিটি থাকবে

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব (উইং প্রধান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) সংশ্লিষ্ট শাখা/অধিশাখা কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রতিনিধি | - সদস্য |
| (৪) ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় | - সদস্য |
| (৫) সভাপতি, বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদ | - সদস্য |
| (৬) ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের একজন সম্মানিত সদস্য (লোক ও কারুশিল্প উন্নয়নে উৎসাহী তিনজন সদস্যের মধ্যে একজন সদস্যকে সচিব কর্তৃক মনোনীত করা হবে) | - সদস্য |
| (৭) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের প্রধান নকশাবিদ (শিল্পী প্রতিনিধি) | - সদস্য |
| (৮) পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | - সদস্য-সচিব |

১০. মনোনয়ন কমিটির কার্যপরিধি

কমিটি প্রাপ্ত আবেদনসমূহ বাছাই করে প্রতিবছর ন্যূনতম একজন নারীসহ ৩ (তিন) জন লোক ও কারুশিল্পীকে পদক প্রদানের জন্য সুপারিশ করবে।

১১. লোক ও কারুশিল্প পদক প্রদান তহবিল

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮এর ধারা-৯-এ গঠিত তহবিল হতে এ পদক প্রদানের যাবতীয় ব্যয়ভার বহন করা হবে।

১২. নীতিমালা সংশোধন

প্রয়োজনে সরকারের অনুমোদনক্রমে নির্বাহী আদেশ দ্বারা এ নীতিমালা সংশোধন/হালনাগাদ করা যাবে।

২৮.০৮.২২

ড. আহমেদ উল্লাহ
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন